আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা - ১৩৪১।
পরিচালক (প্রশাসন) এর দপ্তর
www.blri.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০৫.২৬৭২.০০০.২০১.৪৪.০০৪৭.১৭.৭৭৪

তারিখ: ২৫ কার্তিক ১৪৩৩ / ১০ নভেম্বর ২০২৬

বিষয়: জনাব মো. রেজাউল হাই রাকিব, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই কে চাকরি হতে অপসারণ (Removal from Service) প্রসংগে।

যেহেতু, আপনি জনাব মো. রেজাউল হাই রাকিব, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই, সাভার, ঢাকা ঊর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে পশুসম্পদ গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৬ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি বিধানের আলোকে অনুপস্থিতির কারণ জানতে চেয়ে বিএলআরআই কর্তৃপক্ষ আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করে **(সংযুক্তি-১)**; এবং

২। যেহেতু, বিভাগীয় কার্যক্রম চলাকালীন সময়ে ব্যক্তিগত ও পারিবারিক কারণবশত এবং গবেষণা কার্যক্রমে পূর্ণ সময় প্রদান আবশ্যক হওয়ায় বর্তমান দায়িত্ব পালন অব্যাহত রাখা সম্ভব হচ্ছে না জানিয়ে আপনি চাকরি হতে অব্যাহতি চেয়ে আবেদন করলে আবেদনের প্রেক্ষিতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় পশুসম্পদ গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৬ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করে **(সংযুক্তি-২)**; এবং

৩। যেহেতু, প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বিএলআরআই কর্তৃপক্ষ গত ২৮/০৭/২০২৬ খ্রি. তারিখের ৩৩.০৫.২৬৭২.০০০.২০১.৪৪.০০৪৭.১৭.৪৪৬ সংখ্যক পত্রে অভিযোগ বিবরণী এবং গত ০৯/০৮/২০২৬ খ্রি. তারিখের ৩৩.০৫.২৬৭২.০০০.২০১.৪৪.০০৪৭.১৭.৪৮১ সংখ্যক পত্রে অভিযোগনামা গঠন করে **(সংযুক্তি-৩)**। পরবর্তীতে অভিযোগ তদন্ত করার জন্য তদন্ত কমিটি গঠন করা হয় **(সংযুক্তি-৪)**। দাখিলকৃত তদন্ত প্রতিবেদন বিশ্লেষণ করে দেখা যায় তদন্ত কমিটি আপনাকে শৃঙ্খলা ভঙ্গকরণ এবং পলায়নের দায়ে অভিযুক্ত করেছেন **(সংযুক্তি-৫)**; এবং

৪। যেহেতু, বিএলআরআই কর্তৃপক্ষ আপনাকে আত্মপক্ষ সমর্থনের জন্য অথবা আপনার স্বপক্ষে যুক্তিতর্ক উপস্থাপন করার জন্য পত্র ও সময় দিলেও আপনি তাতে কোনো ধরণের সারা প্রদান করেননি; এবং

৬। যেহেতু, আপনার বিরুদ্ধে আরোপকৃত শৃঙ্খলা ভঙ্গকরণ এবং পলায়নের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আপনাকে চাকরি থেকে অপসারণ করা হবে মর্মে পত্রের মাধ্যমে অবগত করা হয় এবং উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপনার কোনো জবাব থাকলে তা ০৭ কার্য দিবসের মধ্যে প্রদান করার জন্য বলা হলেও আপনি কর্মস্থলে ফেরত আসেননি বা কোনরূপ জবাবও প্রদান করেননি, এবং

৫। সেহেতু, পশুসম্পদ গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৬ এর প্রবিধি-৩৮ এর (আ) (চ) উপপ্রবিধি মোতাবেক আপনাকে গত ৩১/১২/২০২৫ খ্রি. তারিখ থেকে ইনস্টিটিউটের চাকরি হতে অপসারণ করা হলো।

উল্লেখ্য যে, আপনার বিদেশ গমনকালে প্রদত্ত মুচলে কা অনুযায়ী বিএলআরআই কর্তৃপক্ষের প্রাপ্য ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা আপনার সিপিএফ ফান্ড এর সাথে সমন্বয় করে কর্তন করা হবে।

১০-১১-২০২৬
ড. শাকিলা ফারুক
মহাপরিচালক (সা. দা.)
ফোন : +৮৮ ০২ ২২৪৪৯১৬৭৬
ফ্যাক্স : +৮৮ ০২ ২২৪৪৯১৬৭৫
ইমেইল : dg@blri.gov.bd

জনাব মো. রেজাউল হাই রাকিব, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
বিএলআরআই, সাভার, ঢাকা (বর্তমানে The University of Sydney, Australia- তে পিএইচডি কোর্সে অধ্যয়নরত) এবং প্রযত্নে: পিতা- মো. আব্দুল হাই, গ্রাম- হাইধনখালী, ডাকঘর- গুজাদিয়া, উপজেলা- করিমগঞ্জ, জেলা- কিশোরগঞ্জ, মোবাইল ন ম্বর- ০১৩৩৫১১৯০৬৪।

স্মারক নম্বর: ৩৩.০৫.২৬৭২.০০০.২০১.৪৪.০০৪৭.১৭.৭৭৪/১ (৮)

তারিখ: ২৫ কার্তিক ১৪৩৩ / ১০ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
২। পরিচালক (গবেষণা) (রুটিন দায়িত্ব), পরিচালক গবেষণা এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট।
৩। সকল বিভাগীয় প্রধান/কেন্দ্র প্রধান, বিএলআরআই, সাভার, ঢাকা-১৩৪১।
৪। সকল স্টেশন ইনচার্জ, বিএলআরআই।
৫। সকল শাখা প্রধান, পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বিএলআরআই, সাভার, ঢাকা।।
৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট।
৭। ট্রান্সপোর্ট সুপারভাইজার, যানবাহন শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট।
৮। উচ্চমান সহকারী (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট।

১০-১১-২০২৬
ড. এ বি এম মুস্তানুর রহমান
অতিরিক্ত পরিচালক